গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভৈরব, কিশোরগঞ্জ
www.bhairab.kishoreganj.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৪৮১১.০০০.০৯.০১৮.২০০৩- ১১৫(২০০)

তারিখ : ২৫ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারী, ২০২৩ খ্রি.

## হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

ভৈরব উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩০ সালের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ (এক) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যক্তিগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্ধারিত সিডিউলে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ আগামী ০২/০৩/২০২৩ খ্রি. তারিখ বেলা ১.০০ ঘ. পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভৈরব/ জেলা প্রশাসকের কার্যালয় (এলজি শাখা), কিশোরগঞ্জ/পুলিশ সুপারের কার্যালয়, কিশোরগঞ্জ এবং সহকারী কমিশনার (ভূমি), ভৈরব এর কার্যালয় এ রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে। উক্ত তারিখ বেলা ১.৩০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) বর্ণিত অফিসসমূহে দরপত্র খোলা হবে।

০২. দরপত্রের শর্তাবলী সম্বলিত সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস সময়ে উপজেলা নির্বাহী অফিসার, ভৈরব/ সহকারী কমিশনার (ভূমি), ভৈরব ও জেলা প্রশাসকের কার্যালয় (এলজি শাখা), কিশোরগঞ্জ/ সোনালী ব্যাংক, ভৈরব শাখা/ ভৈরব থানা (পুলিশ ষ্টেশন) ভৈরব হতে নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

০৩. উল্লেখ্য যে, দরপত্র দাখিলের তারিখে কোন দরপত্র পাওয়া না গেলে অথবা দাখিলকৃত দরপত্রে উদ্ধৃত দর উপজেলা পরিষদ কর্তৃক গৃহীত না হলে পরবর্তীতে যথাক্রমে ০৯/০৩/২০২৩ খ্রি. এবং ১৬/০৩/২০২৩ খ্রি. তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত উল্লেখিত অফিসমূহে দরপত্র গ্রহণ করা হবে। এক্ষেত্রে প্রতিবার দরপত্র দাখিলের ধার্য্য তারিখের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) দরপত্র সিডিউল উল্লেখিত অফিসসমূহ হতে ক্রয় করা যাবে।

০৪. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

**হাট-বাজারসমূহঃ**

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | সম্ভাব্য মূল্য | সিডিউলের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | শিমুলকান্দি | শিমুলকান্দি | ১৭,৫৯,৬০০.০০ | ৪,২০০/- | |
| ২ | কালিকাপ্রসাদ | কালিকাপ্রসাদ | ১,৪৯,৩৮৯.০০ | ১,০০০/- | |
| ৩ | গকুলনগর | আগানগর | ৭৫,৯৬৭.০০ | ৫০০/- | |
| ৪ | গজারিয়া | গজারিয়া | ৫,৩৭১.০০ | ৫০০/- | |
| ৫ | শ্রীনগর | শ্রীনগর | ৭৪৯.০০ | ৫০০/- | |
| ৬ | তেয়ারীরচর | শ্রীনগর | ৪৭,৯৪৭.০০ | ৫০০/- | |

শর্তাবলী ঃ

০১ বাংলা ১৪৩০, ১ বৈশাখ হতে ১৪৩০ বাংলা সনের ৩০ চৈত্র (এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

০২ দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফটের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩ যার দরপত্র গৃহীত হবে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পচাত্তর ভাগ) অর্থ সোনালী ব্যাংক লি. ভৈরব বাজার শাখার চলতি হিসাব নং- ০০১০১৯০৪৮-তে নগদ জমা এবং দাখিলকৃত গৃহীত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্যসংযোজন কর) অবশ্যই একই সাথে পরিশোধ করতে হবে। ১০% আয়কর এবং ১৫% ভ্যাট ইজারাদার নিজ দায়িত্বে চালানের মাধ্যমে সংশ্লিষ্ট কোডে জমা করতে হবে। এছাড়া সরকার কর্তৃক যে কোন সময়ে অন্য কোন কর আরোপ করা হলে বা এ সংক্রান্ত কোন আদেশ জারী করা হলে তা অবশ্যই পরিশোধ করতে ও মানিয়া চলতে হবে। সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করার পর বাজারের অস্থায়ী দখল হস্তান্তর করা হবে। অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনঃ ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪ প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনঃ দরপত্র আহবান করা হবে। ২য় বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি মূল্য হইতে কম হয় তাহা হইলে ৩য় বার দরপত্র আহবান করা হবে। ৩য় দরপত্র আহবান করার পরেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি মূল্য হইতে কম হয় তাহা হইলে বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫ এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের দরপত্র হিসেবে,ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। একদফার জন্য বিক্রিত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬ খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭ সরকার অনুমোদিত টোল, রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।

০৮ প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯ ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয়, তা'হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০ ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্য দিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ টাকা) নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১ দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২ ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন এবং ইজারাদার নিজে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৩ কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৪ নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত সময়ের হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

চলমান- ০২

CamScanner

১৫ হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
১৬ অনিবার্য কারণে যে কোন সময় দরপত্র দাখিলের তারিখ পরিবর্তন করা যাবে।
১৭ কোন কারণে নির্ধারিত সময়ের মধ্যে হাট-বাজার দখল হস্তান্তরে বিলম্ব হলে ১ বৈশাখ হতে দখল হস্তান্তরের পূর্ব পর্যন্ত খাস আদায়ের ব্যবস্থা নেয়া হবে। খাস আদায়ের টাকা ইজারাদার নীতিমালা অনুযায়ী প্রাপ্য হবে।
১৮ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮.০২.২৩

মোহাম্মদ সাদিকুর রহমান সবুজ
উপজেলা নির্বাহী অফিসার
ভৈরব, কিশোরগঞ্জ।
ফোন : ০২-৯৪৭০৫৭২
ফ্যাক্স : ০২-৯৪৭০১৭২
email-unobhairab@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৪৮১১.০০০.০৯.০১৮.২০০৩-১১৫(২০০) তারিখ : ০৮/০২/২০২৩ খ্রি.।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

০১ জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০২ পুলিশ সুপার, কিশোরগঞ্জ।
০৩ অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক/ রাজস্ব, কিশোরগঞ্জ
০৪ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ।
০৫ উপজেলা নির্বাহী অফিসার, ................................ কিশোরগঞ্জ। অবগতি ও তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গাইয়া বহুল প্রচারের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।
০৬ মেয়র, ভৈরব পৌরসভা। অবগতি ও তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গাইয়া বহুল প্রচারের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।
০৭ সহকারী কমিশনার (ভূমি), ভৈরব/ ভারপ্রাপ্ত কর্মকর্তা, ভৈরব থানা/ উপজেলা .......................... অফিসার, ভৈরব অবগতি ও তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গাইয়া বহুল প্রচারের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ কবা হলো।
০৮ ম্যানেজার, সোনালী ব্যাংক, ভৈরব শাখা।
০৯ চেয়ারম্যান, ............................ ইউপি। তাঁর ইউনিয়ন পরিষদের আওতাধীন হাট-বাজার, ভূমি অফিস, স্বাস্থ্য কেন্দ্র ও ইউনিয়ন পরিষদ কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গাইয়া এবং মাইক/ ঢোল সহরতের মাধ্যমে দরপত্র বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারসহ দরপত্র দাখিলের তারিখও সময় ঘোষণা করে অত্রাফিসে সার্ভিস রির্টান প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১০ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ........................ ইউনিয়ন ভূমি অফিস। তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে উক্ত বিজ্ঞপ্তিটি টাঙ্গাইয়া প্রচার করা ছাড়া ও তহশীলের আওতাধীন হাট-বাজারসমূহে ঢোল সহরতের মাধ্যমে দরপত্র দাখিলের তারিখ ও সময় ঘোষণা করে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচার করে উহার সার্ভিস রিটার্ন এ কার্যালয়ে দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১১ জনাব ........................................................, ইজারাদার / প্রাক্তন ইজারাদার, ........................... বাজার
১২ জনাব ...................................................................
১৩ অফিস কপি।

০৮.০২.২৩

উপজেলা নির্বাহী অফিসার
ভৈরব, কিশোরগঞ্জ।